দৈনিক সংবাদ

MAR. 0 5 2000

তারিখ ... ... ... .. ... ... ...
পৃষ্ঠা ২ কলাম ৮

১৬

এসএসসি পরী[illegible]

# গণটোকাটুকি নানা চিত্র

এসএসসি পরীক্ষার দ্বিতীয় দিন গতকাল শনিবার ইংরেজি দ্বিতীয়পত্রে দেশের বিভিন্ন স্থানে ব্যাপক নকলের খবর পাওয়া গেছে। রাজশাহীর এক কেন্দ্রে টিএনওর মেয়ে পরীক্ষা দেয়ায় সেখানে কাউকেই বহিষ্কার করা হয়নি।

টিএনওর মেয়ে পরীক্ষার্থিণী বলে ঃ রাজশাহী জেলার তানোর কেন্দ্র থেকে সেখানকার থানা নির্বাহী কর্মকর্তা আনিসুর রহমানের মেয়ে সিদ্দিকাতুল হোমায়রা অংশ নিয়েছে। আর এ কারণেই তানোর কেন্দ্রে নকলের মহোৎসব চললেও এখন পর্যন্ত কেউই বহিষ্কার হয়নি। অথচ এ কেন্দ্রে ম্যাজিস্ট্রেটের দায়িত্ব পালন করছেন স্বয়ং টিএনওই।

রাজশাহী শিক্ষাবোর্ড সূত্রে জানা গেছে, তানোর কেন্দ্রটি নকলপ্রবণ বলেই বেশি পরিচিত। এবারে এখান থেকে ১ হাজার ৪শ ৩৫ জন শিক্ষার্থী পরীক্ষা দিচ্ছে। টিএনও এ কেন্দ্র থেকে তার মেয়ে পরীক্ষা দিচ্ছে একথা স্বীকার করে 'সংবাদ'কে

টোকাটুকি ঃপৃঃ ২ কঃ ৬

## টোকাটুকি ঃ নানা চিত্র

( ১ম পৃষ্ঠার পর )

জানিয়েছেন, 'বাইরের (পরীক্ষা কেন্দ্রের) নকল সরবরাহকারীদের সামাল দিতে গিয়ে ভেতরে কি হচ্ছে তা বোঝা যাচ্ছে না।'

**বিশ মিনিট পূর্বেই ঃ** উল্লাপাড়ায় পরীক্ষা শুরু হবার ২০ মিনিট পূর্বেই প্রশ্নপত্র বাইরে চলে আসে। হাজার হাজার নকল সরবরাহকারী প্রশ্নপত্রের পেছনে পেছনে ছুটলে বিশৃঙ্খলা সৃষ্টি হয়। নকল সরবরাহের সময় উল্লাপাড়া হামিদা বালিকা বিদ্যালয় কেন্দ্রে পুলিশের ধাওয়া খেয়ে ৩ জন আহত হয়। ব্যাপক গণটোকাটুকি, অব্যবস্থা ও বিশৃঙ্খলার মধ্যে দিয়ে পরীক্ষা শেষ হয়। উল্লাপাড়ায় ১০ জনকে বহিষ্কার করা হয়।

**নকল রোগী ঃ** মির্জাপুর থেকে নিজস্ব সংবাদদাতা ঃ এসএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে মির্জাপুর হাইস্কুল কেন্দ্রে ১০জন নকল রোগী উদ্ধার হয়েছে। এ নকল রোগী উদ্ধার করেন টাঙ্গাইলের জেলা প্রশাসক মোল্যা ওয়াহিদুজ্জামান।

সংশ্লিষ্ট সূত্র জানায়, কেন্দ্র পরিদর্শনকালে বিশেষ ব্যবস্থায় সিক বেডে ১৩ জন পরীক্ষার্থীকে পরীক্ষা দিতে দেখে তার সন্দেহ হয়। তখন ডাক্তারকে ডেকে আনলে ডাক্তার ৩ জন পরীক্ষার্থীকে রোগী হিসেবে শনাক্ত করেন।

**লাঠিচার্জ ঃ** শাহজাদপুর থেকে নিজস্ব সংবাদদাতা ঃ শনিবার শাহজাদপুর থানা সদরের পাইলট উচ্চ বিদ্যালয় কেন্দ্রে নকল সরবরাহকারীদের জনস্রোত ঠেকাতে পুলিশ যখন লাঠিচার্জ শুরু করে তখন সরবরাহকারীরা পুলিশের প্রতি ইট পাটকেল ছুড়তে থাকে। এক পর্যায়ে দেখা যায়, বেশ কিছু পরীক্ষার্থীর অভিভাবক পুলিশের পক্ষ নিয়ে নকল সরবরাহকারীদের দিকে ইট পাটকেল ছুড়তে থাকে। এ ঘটনায় ৩০/৪[illegible] জন নকল সরবরাহকারী ও ১০/১২ জন [illegible]শ আহত হয়।